



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর  
২৩-২৪, বিএফডিসি ভবন  
কারওয়ান বাজার, ঢাকা।  
[www.flid.gov.bd](http://www.flid.gov.bd)

তথ্য দপ্তরের “তথ্য অধিকার আইন বিষয়ে” জনসচেতনতামূলক লিফলেট বিতরণ

তথ্য অধিকার আইন বিষয়ে জনগণের মাঝে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে তথ্য অধিকার বিষয়ে ২০২২-২৩ অর্থ-বছরের বার্ষিক কর্মপরিকল্পনার ১.৫ এ বর্ণিত কাজের অংশ হিসেবে মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর গত ৩১ মে ২০২৩ খ্রিস্টাব্দে বরিশাল জেলার সদর উপজেলাসহ বিভিন্ন উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে লিফলেট বিতরণ করে।

তথ্য অধিকার আইন বিষয়ক এ প্রচার কার্যক্রম বরিশাল জেলার সদর উপজেলার লঞ্চ ঘাটে দুপুর ১.৩০ টায় শুরু হয়ে বিকাল ৫.০০ টা পর্যন্ত বরিশাল বাস স্টেশন, হ্যাচারি রোড, চরমোনাই ইউনিয়ন এবং বাকেরগঞ্জে এ কার্যক্রম চলে। তথ্য কর্মকর্তা (প্রাণিসম্পদ) জনাব ডা. মো. এনামুল কবির এর নেতৃত্বে প্রচার কার্যক্রমে অংশগ্রহণ করেন মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরের প্রধান কার্যালয় ও বরিশাল আঞ্চলিক অফিসের মোট ১৮ জন কর্মকর্তা কর্মচারী। সরকারি অফিস থেকে এ ধরনের উপকারি লিফলেট বিতরণ দেখে উচ্ছ্বসিত হন উপস্থিত জনতা। তারা এ ধরনের লিফলেট পেয়ে মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরের ভূয়সী প্রশংসা করেন। বরিশাল সদর উপজেলার মুনিরুজ্জামান নামে একজন বাসিন্দা বলেন, সরকারি অফিস থেকে এত সহজে তথ্য পাওয়া যায় তা আমি এর আগে জানতাম না। এ ধরনের লিফলেট পেয়ে আমি জানতে পেরেছি সরকারি অফিসে না গিয়েও ঘরে বসে থেকে আবেদন ফরম পূরণ করে বিনা খরচে সহজে যে কোন সরকারি অফিসের প্রদানযোগ্য তথ্য পাওয়া যায়। তথ্য দপ্তরের এ ধরনের জনসচেতনতামূলক কার্যক্রমকে আমি ধন্যবাদ জানাই।

  
(মো. সামছুল আলম)  
গণযোগাযোগ কর্মকর্তা  
মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর  
বিএফডিসি ভবন, কারওয়ান বাজার, ঢাকা।

  
(ডা. মো. এনামুল কবির)  
তথ্য কর্মকর্তা (প্রাণিসম্পদ)  
মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর  
বিএফডিসি ভবন, কারওয়ান বাজার, ঢাকা।

